


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
ব্যস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cptu.gov.bd



নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৪.২২-০৩০

তারিখঃ ০৮/০২/২০২২ খ্রিঃ

বিষয়ঃ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১০৪(ঘ) এর উপদকা ২(ঈ)-এ একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই)-কে অন্তর্ভুক্ত করার বিষয়ে সিপিটিইউ'র মতামত।

সূত্রঃ-বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১০৪.১৮.০১০.২০.১৯; তারিখঃ ১৩/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের পদ্ধতিসমূহ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ১০৩ ও ১০৪ এ বর্ণিত আছে। তন্মধ্যে গুনগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS) এবং নির্দিষ্ট বাজেটভিত্তিক নির্বাচন পদ্ধতি (FBS) অগ্রে বিবেচ্য ক্রয় পদ্ধতি হিসেবে বিধি ১০৩(৪) এ উল্লেখ করা হয়েছে। ক্রয়কারী বিশেষ পরিস্থিতিতে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে বিধি ১০৪(১) এ বর্ণিত অন্যান্য ক্রয় পদ্ধতি অনুসরণ করতে পারে। একক উৎসভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নিয়োগের ক্ষেত্রসমূহ বিধি ১০৪(১)(ঘ) তে বর্ণিত আছে। তন্মধ্যে সরকারি মালিকানাধীন বা বিশেষায়িত কোন সেবা প্রদানকারী যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান হতে ক্রয়ের বিষয়ে বিধি ১০৪(১)(ঘ)(২)(ঈ) তে উল্লেখ করা হয়েছে। এ বিধিতে [বিধি ১০৪(১)(ঘ)(২)(ঈ)] বোঝার সুবিধার্থে কেবল উদাহরণস্বরূপ কতিপয় সরকারি মালিকানাধীন বা বিশেষায়িত প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা সরবরাহের প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে এবং উক্তসেবা প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যপরিধির মধ্যে অন্তর্ভুক্ত থাকলে ক্রয়কারী বিশেষ পরিস্থিতিতে কোন সরকারি বা বিশেষায়িত প্রতিষ্ঠানকে বিধি ১০৪(১)(২)(ঈ) এর আওতায় একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন করতে পারে।


০২। উল্লেখ্য, পণ্য, কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি-বিধান অনুসরণপূর্বক উপযুক্ত ক্রয় পদ্ধতি নির্বাচন ক্রয়কারীর এখতিয়ার।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত মতামতের আলোকে কোন বিশেষ ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কারী কর্তৃক পিপিআর ২০০৮ এর বিধি ১০৪(১)(ঘ)(২)(ঈ) এর আলোকে ক্রয় প্রক্রিয়া করার লক্ষ্যে একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (BFTI) যোগ্যতা ও অভিজ্ঞতার সকল শর্ত পূরণ করে থাকলে উক্ত পরামর্শক সেবা প্রদান করতে পারে।

০৪। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃ. আ.-উপসচিব, রপ্তানি-৫ অধিশাখা]


০৮.০২.২০২২
(মুহম্মদ শামীম কিবরিয়া)
উপপরিচালক
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ০২-৯১৮০৮৪৪

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।